

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২০৪৮

(كتاب الطلاق) अंगोक (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১০/১৭. বিবাহের পূর্বে কোন তালাক নেই।

بَابِ لَا طَلَاقَ قَبْلَ النِّكَاحِ

### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ سَعِيدٍ الدَّارِمِيُّ حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ بْنِ وَاقِدٍ حَدَّثَنَا هِشَامُ بْنُ سَعْدٍ عَنْ النَّهِيِّ عَنْ عُرْوَةً عَنْ الْمِسْوَرِ بْنِ مَخْرَمَةَ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ لَا طَلَاقَ قَبْلَ بِكَاحٍ وَلَا عِتْقَ قَبْلَ مِلْكٍ

#### বাংলা

২/২০৪৮। মিস্ওয়ার ইবনু মাখরামা (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ বিবাহের আগে তালাক নাই এবং মালিকানা লাভের আগে দাসমুক্তি নাই।

## **English**

It was narrated from Miswar bin Makharamah that the Prophet (ﷺ) said: "There is no divorce before marriage, and no manumission before taking possession."

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। বায়হাকী ৭/৩১৪, সহীহ ইরওয়াহ ৭/১৫২।

তাহকীক আলবানীঃ হাসান সহিহ। আলী ইবনুল হুসায়ন বিন ওয়াকীদ সম্পর্কে আবু জা'ফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৪০৫২, ২০/৪০৬ নং পৃষ্ঠা) ২. হিশাম বিন সা'দ সম্পর্কে আহমাদ বিন হাম্বল বলেন, তার মুখন্তপক্তি দুর্বল। আবু হাতিম আর-রায়ী বলেন, তার হাদিস গ্রহন করা যায় কিন্তু দলীলযোগ্য নয়। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৬৫৭৭, ৩০/২০৪ নং পৃষ্ঠা)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মিসওয়ার ইবনু মাখরামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন